ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার




# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৬২ ● কলকাতা ● ০৮ আশ্বিন, ১৪৩১ ● বুধবার ● ২৫ সেপ্টেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


## বাংলাদেশিদের উল্টো করে টাঙাব,

# শাহি মন্তব্যের পাল্টা ওপারের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** অমিত শাহর মন্তব্যের তীব্র প্রতিবাদ জানাল বাংলাদেশ সরকার। ভবিষ্যতে ওই ধরনের মন্তব্য থেকে অমিত শাহকে বিরত থাকতে অনুরোধ করা হল। সোমবার ঢাকায় ভারতের ডেপুটি হাইকমিশনারকে দেওয়া এক নোটে এই প্রতিবাদ জানায় বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয়।

এ বিষয়ে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সম্প্রতি ভারতের ঝাড়খণ্ড সফরে গিয় ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বাংলাদেশি নাগরিকদের নিয় অত্যন্ত অশোভন মন্তব্য কেরছন। তার এমন বক্তব্যের কড়া প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ। ভারতের স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্য নিয়ে অসেন্তাষ প্রকাশ করা হয়েছে। একই সেঙ্গ ভারত সরকারকে রাজনৈতিক নেতাদের এ ধরনের আপত্তিকর কাজ করা থেকে বিরত থাকার পরামর্শের আহ্বান জানােনা হেয়ছ। পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, প্রতিবেশী দেশের নাগরিকদের বিরুদ্ধে দায়িত্বশীল অবস্থান থেকে আসা এই ধরনের মন্তব্য দুটি বন্ধুত্বপূর্ণ দেশের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা ও বোঝাপড়ার মনোভাবকে ক্ষুন্ন করে।

ঝাড়খণ্ডের ওই সভায় অমিত শাহ দাবি করেন, রাজ্যের পাকুড় জেলায় 'হিন্দুরা ঝাড়খন্ড ছাড়ো'স্লোগান তোলা হচ্ছে। বাংলাদেশ থেকে অনুপ্রবেশের বিষয়টি তদন্তের জন্য ঝাড়খন্ড

এরপর ৩ পাতায়

## বাংলাদেশে ২০২৬ সালের আগে

### ভোট নয়, জানিয়ে দিলেন সেনাপ্রধান



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** শেখ হাসিনার জমানার অবসানের পরেই বাংলাদেশের শাসন ক্ষমতায় আসীন হয়েছে সেনাবাহিনীর মদতপুষ্ঠ মুহাম্মদ ইউনূসের সরকার। বিএনপি-সহ বেশ কয়েকটি বিরোধী দল আগামী ৬ মাসের মধ্যে দেশে সাধারণ ভোট করানোর দাবিতে সরব হয়েছে। আর সেই দাবির মধ্যেই চাঞ্চল্যকর মন্তব্য করেছেন বাংলাদেশের সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান।

আন্তর্জাতিক বার্তা সংস্থাকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেছেন, 'মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার যাতে সংস্কার চালিয়ে যেতে পারে, তার জন্য সমর্থন জানিয়ে যাবে সেনাবাহিনী। দেশের বিচার বিভাগ, পুলিশ ও প্রশাসনের সংস্কার সম্পূর্ণ হওয়ার পরেই সাধারণ নির্বাচন করা হবে। গণতান্ত্রিক প্রক্রিয়ায় উত্তরণের জন্য এক থেকে দেড় বছরের প্রয়োজন। দেশের সব রাজনৈতিক দলকে অন্তর্বর্তী

এরপর ৩ পাতায়

## অমিত শাহের মন্তব্যে ক্ষুব্ধ ঢাকা,

# কড়া চিঠি ধরানো হল ভারতীয় দূতকে



**ঢাকা: নিউজ সারাদিন :** বাংলাদেশি অনুপ্রবেশ-কারীদের নিয়ে ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের মন্তব্যে চটেছে মুহাম্মদ ইউনূসের সরকার। আজ সোমবার (২৩ সেপ্টেম্বর) বাংলাদেশ বিদেশ মন্ত্রকের তরফে ঢাকায় নিযুক্ত ভারতের উপরাষ্ট্রদূত প্রভন বাধের কাছে এ বিষয়ে এক প্রতিবাদ পত্র পাঠানো হয়েছে।ভারতের স্বরাষ্ট্রমন্ত্রীর ওই মন্তব্য সংবাদমাধ্যমে প্রচারিত হওয়ার পরেই শোরগোল পড়ে যায়। নড়েচড়ে বসে বাংলাদেশের অন্তর্বর্তী সরকার। রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভায় যোগ দিতে যাওয়ার আগেই বিদেশ মন্ত্রককে এ বিষয়ে দিল্লিকে কড়া প্রতিবাদ পত্র পাঠানোর নির্দেশ দেন বাংলাদেশ অন্তর্বর্তী সরকারের প্রধান মুহাম্মদ ইউনূস। আর সেই নির্দেশ পাওয়ার পরেই বাংলাদেশ বিদেশ মন্ত্রকের তরফে ভারতের স্বরাষ্ট্রমন্ত্রীর মন্তব্য নিয়ে কড়া চিঠি তৈরি করা হয়। ভারতের ডেপুটি কমিশনারের কাছে পাঠানো ওই চিঠিতে অবৈধ বাংলাদেশিদের নিয়ে অমিত শাহের মন্তব্যকে 'অগ্রহণযোগ্য' বলে উল্লেখ করা হয়। ভবিষ্যতে এই ধরনের 'আলটপকা' মন্তব্য না করার জন্যও সতর্ক করে দেওয়া হয়। চিঠিতে বলা হয়, 'প্রতিবেশি দেশের দায়িত্বশীল

এরপর ৩ পাতায়







# সোমবার ইসরায়েলি বিমান হামলায়

## কয়েক হাজার রকেট ধ্বংস:- (লেবাননের বেসামরিক নাগরিকদের জন্য একটি পাবলিক সতর্কতা জারি)

**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন** : সোমবার সকালে আইডিএফ দক্ষিণ লেবাননের বেসামরিক লোকদেরকে বাড়ি ছেড়ে যাওয়ার আহ্বান জানায় যেখানে হিজবুল্লাহ রকেট এবং ক্রুজ ক্ষেপণাস্ত্র স্থাপন করেছিল। আইডিএফ বলেছে যে এটি তারপরে হাজার হাজার লেবানিজ বেসামরিক নাগরিকদের কাছে টেক্সট বার্তা পাঠিয়েছে এবং ফোন কল পরিচালনা করেছে যাতে তাদের গ্রামের নির্দিষ্ট কিছু এলাকা ছেড়ে চলে যেতে বলা হয়, যেগুলি বেসামরিক বাড়ির ভিতরে হিজবুল্লাহ অস্ত্রের ভাণ্ডার এবং রকেট অবস্থানের কাছাকাছি ছিল। আইডিএফ বলেছে যে তারা গোয়েন্দা তথ্যের ভিত্তিতে স্থানীয় সময় সোমবার সকালে ১,১০০টি লক্ষ্যবস্তুতে আক্রমণ করেছে যে এটি দাবি করেছে যে হিজবুল্লাহ একটি আসন্ন আক্রমণের জন্য এই রকেট এবং ক্রুজ ক্ষেপণাস্ত্র ব্যবহার করার পরিকল্পনা করছে। আইডিএফ বেকা উপত্যকায় লেবাননের বেসামরিক নাগরিকদের জন্য একটি পাবলিক সতর্কতা জারি করেছে, যেখানে হিজবুল্লাহর অনেক গুরুত্বপূর্ণ সামরিক স্থাপনা রয়েছে এবং বলেছে যে তারা হিজবুল্লাহ অস্ত্রের ডিপোতে হামলা চালাবে। ৩০ মিনিট পরে আক্রমণ শুরু হয়।হাজার হাজার লেবানিজ বেসামরিক নাগরিক সোমবার দক্ষিণ লেবাননের উত্তরে পালাতে শুরু করেছে। এরপর একজন ইসরায়েলি প্রতিরক্ষা

এরপর ৩ পাতায়

# ১৫১ বছরের পুরোনো ট্রামকে বিদায় জানালো কলকাতা শহর




**কলকাতা: নিউজ সারাদিন** : পশ্চিমবঙ্গের কলকাতায় ১৫১ বছর ধরে চলছে ট্রাম। কলকাতার গণপরিবহন খাতে ঐতিহ্য হয়ে উঠেছে এ পরিবহন। এখন কলকাতার সড়ক থেকে ট্রাম তুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। সোমবার পশ্চিমবঙ্গের পরিবহনমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী এ ঘোষণা দেন। তবে 'ঐতিহ্য' হিসেবে পর্যটকদের জন্য মাত্র দুই কিলোমিটার পথে ধর্মতলা থেকে ময়দান পর্যন্ত ট্রাম চালানো হবে। স্নেহাশিস চক্রবর্তী বলেন, কলকাতার সড়কে সর্বশেষ দুটি লাইনে ট্রাম চলত–ধর্মতলা থেকে বালিগঞ্জ আর ধর্মতলা থেকে শ্যামবাজার। এবার সেসব লাইন তুলে দেওয়া হচ্ছে। শুধু ধর্মতলা থেকে ময়দান পর্যন্ত ছোট্ট পথে 'হেরিটেজ' (ঐতিহ্য) হিসেবে ট্রাম চলবে।কলকাতায় ১৮৭৩ সালের ২৪ ফেব্রুয়ারি প্রথমবার ঘোড়ায় টানা ট্রাম চালানো হয়। শিয়ালদহ থেকে আর্মেনিয়া ঘাট পর্যন্ত ওই ট্রাম চলে। পরে 'কলকাতা ট্রামওয়ে কোম্পানি লিমিটেড' গঠন করা হয়। এ কোম্পানির নিবন্ধন ছিল লন্ডনে। পরে ১৯০২ সালে কলকাতায় প্রথমবার চালু করা হয় বৈদ্যুতিক ট্রাম। বেশ কয়েকটি পথে ট্রাম চলাচল করত।কলকাতার ঐতিহ্যবাহী ট্রামের ১৫০ বছর পূর্তি উৎসব হয় ২০২৩ সালের ২৪ ফেব্রুয়ারি। দিবসটি উপলক্ষে কলকাতা ট্রাম কোম্পানি বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করে।

# বীরভূমে বন্যা কবলিত অঞ্চলে

## মানুষের পাশে মমতা



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন** : মঙ্গলবার বীরভূম জেলায় বন্যাজনিত পরিস্থিতি পর্যালোচনার জন্য কর্মপরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়। সেখানে গত কয়েকদিনে একটানা ভারী বৃষ্টিপাতের জেরে বানভাসী পরিস্থিতি তৈরি হয়। এই সময় বন্যা দুর্গতদের কাছে ছুটে গিয়েছিলেন এবং গ্রাম বাংলার প্লাবিত অবস্থা পরিদর্শন করে সেখানকার মানুষের কাছে ত্রাণ পৌঁছে দেওয়ার ব্যবস্থা করেন খোদ বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবার 'ম্যান মেড বন্যা'র করাল গ্রাসে আমার রাজ্যবাসী। এইরকম দুঃসহ ঘটনা বাংলায় বিরল। মানুষের সেবা ব্যাতীত আমার জীবনে আর কোনো উদ্দেশ্য নেই। তাই আজ বীরভূমে একটি পর্যালোচনা সভায় উপস্থিত ছিলাম।

বীরভূমের বিভিন্ন বন্যা কবলিত অঞ্চলে জল ধীরে ধীরে নামছে। আমাদের মা-মাটি-মানুষের সরকার দিবারাত্রি চেষ্টা করছে এই কষ্টের সুরাহার জন্য। প্রশাসন সবরকম সাহায্য করতে বদ্ধপরিকর। বাড়ি থেকে রাস্তা সবকিছু পুনরায় তৈরি করে দেওয়া হবে। এদিন মুখ্যমন্ত্রীর মমতা বন্দ্যোপাধ্যায় বলেন,'যে সকল পরিযায়ী শ্রমিক প্রাণ হারিয়েছেন, বন্যার ফলে যাঁরা প্রাণ হারিয়েছেন এবং বিনা চিকিৎসায় যাঁরা মারা গিয়েছেন, তাঁদের সকলের পরিবারকে ২ লক্ষ টাকা করে দেওয়া হবে সরকারের তরফ থেকে। আমি সর্বদা তাঁদের দুঃখে-কষ্টে পাশে আছি।'

এছাড়াও তিনি আরও বলেন যে আমি মা জগজ্জননীর কাছে প্রার্থনা জানাই, সকলের জীবন যেন দ্রুত স্বাভাবিক হয়ে যায়। এইরকম কষ্টের দিন যেন আর দেখতে না হয় বাংলাকে কখনও। সকল দুর্যোগ-দুর্ভোগ থেকে যেন মুক্তি পায় আমার রাজ্যবাসী।

# ২০২৪ সালের দুর্গাপূজার আগেই জামিন করানোর কথা

## দেড় বছর আগে জানিয়েছিলেন আইনজীবী আহমেদ ইব্রাহিম সেই কথা তিনি রাখলেন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : দীর্ঘদিনের সঙ্গী। দীর্ঘ লড়াইয়ে তাঁর যোদ্ধা বলা চলে। তিনি অনুব্রত মণ্ডলের আইনজীবী আহমেদ ইব্রাহিম। রাউস অয়াভিনিউ কোর্টে কেষ্টর হয়ে লড়াই করেছেন ইব্রাহিম। আর অবশেষে মিলেছে জামিন। এ দিন জেল থেকে বেরনোর পরই আইনজীবীকে জড়িয়ে ধরেন কেষ্ট। আবেগপ্রবণ হতে দেখা গেল তাঁকে। সূত্রের খবর, মধ্যরাতের বিমানে কলকাতা ফিরতে পারেন তিনি।আজ হলুদ-ছাই রংয়ের টি-শার্ট পরে বেরিয়েছিলেন কেষ্ট। বাবাকে নিতে উপস্থিত ছিলেন তাঁর কন্যা সুকন্যা মণ্ডলও। আগেই জামিনে মুক্ত হয়েছিলেন সুকন্যা। এর আগে কোর্টে হুইল চেয়ারে চড়ে এলেও আজ কিন্তু হেঁটেই জেলের বাইরে বের হন 'বাঘ'। এরপর গাড়িতে উঠে রওনা দেন এয়ারপোর্টের পাশের একটি হোটেলে। সেখানে ঢোকার মুখে দেখা গেল আবেগঘন এই ছবি। কেষ্টকে জড়িয়ে ধরে কেঁদে ফেলেন ইব্রাহিম।সূত্রের খবর, অনুব্রতর আইনজীবী সংবাদ মাধ্যমকে জানিয়েছেন, দেড় বছর আগেই তিনি কেষ্টকে বলেছিলেন ২০২৪-এর পুজোর আগেই অনুব্রতকে তিনি বাড়ি পাঠাবেন। এবং সেই কথা তিনি রাখতে পেরেছেন। আজ সংবাদ মাধ্যমকে কেষ্ট যদিও রাজনীতি নিয়ে কোনও মন্তব্যই করেননি। তবে শরীরের বিষয় জানতে চাইলে তিনি জানান যে মোটামুটি ভালই আছেন। উল্লেখ্য, গরু পাচার মামলায় ২০২২ সালের অগস্ট মাসে তাঁকে গ্রেফতার করেছিল সিবিআই। একেবারে বাড়ি ঘিরে ফেলে তুলে নিয়ে যাওয়া হয়েছিল তৃণমূলের দাপুটে নেতাকে। যদিও পরে আবার গ্রেফতার হন এনফোর্সমেন্ট ডাইরেক্টরেটর হাতে।

# ঘাটালে বন্যা পরিস্থিতিতেও সুরক্ষিত মাতৃত্ব সেবা



**বেবি চক্রবর্ত্তী: পশ্চিম মেদিনীপুর: নিউজ সারাদিন** : মঙ্গলবার পশ্চিম মেদিনীপুর জেলার ঘাটাল হাসপাতালে মাদারস হাব ও প্রসূতি বিভাগ পরিদর্শন করেন জেলা শাসক খুরশেদ আলী কাদরী এবং পুলিশ সুপার ধৃতিমান সরকার। পরিদর্শনের সময় ১১২ জন ভর্তি মহিলার হাতে শাড়ি তুলে দেওয়া হয়, এবং ৫ জন সদ্যজাত শিশুর মায়ের হাতে ফল ও অন্যান্য সামগ্রী প্রদান করা হয়। বন্যা পরিস্থিতির মধ্যেও ঘাটালের বিভিন্ন বন্যাপ্রবণ এলাকা থেকে ১১২ জন সন্তানসম্ভবা মাকে সুরক্ষিতভাবে হাসপাতালে নিয়ে আসা হয়। কেউ ট্রাক্টর, আবার কেউ সিভিল ডিফেন্স ও এসডিআরএফ-এর নৌকা ব্যবহার করে বিপজ্জনক পরিস্থিতিতে হাসপাতালে ভর্তি হন। আশা কর্মী, চিকিৎসক, সিভিল ডিফেন্স ও প্রশাসনের সকলে একযোগে কাজ করেছেন, যার ফলে কোনও জীবনহানি হয়নি এবং সুষ্ঠু প্রক্রিয়ায় নবজাতকদের জন্ম হয়েছে। সূত্রের খবর ১১২ জন ভর্তি মহিলার মধ্যে ৫৬ জন মা ইতিমধ্যেই সন্তান জন্ম দিয়েছেন এবং জল কমতে তাঁরা নিরাপদে বাড়ি ফিরে গিয়েছেন। বর্তমানে ২৪ জন মা সদ্যোজাত শিশু নিয়ে এখনও হাসপাতালে ভর্তি আছেন, কারণ তাঁদের বাড়িতে জল রয়েছে। এছাড়াও ৩০ জনেরও বেশি মা এখন মাদারস ভালো ভাবে রয়েছেন বলে জানা গিয়েছে।

# মহাকাশ ক্ষেত্রের দিগন্তের বিস্তার :

## চন্দ্র অভিযান থেকে জাতীয় মহাকাশ কেন্দ্র

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : মহাকাশ অভিযানের ক্ষেত্রে এক সাহসী যাত্রার নীল নক্শা তৈরি করছে ভারত। কেন্দ্রীয় মন্ত্রিসভা এই লক্ষ্যে একের পর এক প্রকল্পের অনুমোদন দিচ্ছে। অমৃতকালে আসন্ন চন্দ্রযান-৪ অভিযান, শুক্র প্রদক্ষিণ অভিযানের পাশাপাশি ভারতীয় অন্তরীক্ষ কেন্দ্র গড়ে তোলায় উদ্যোগী সরকার। চন্দ্রযান-৪ অভিযান:

চন্দ্রযান-৪ অভিযানের প্রস্তুতি চলছে জোরকদমে। এজন্য প্রযুক্তিগত ব্যবস্থাপনা গড়ে তোলা হচ্ছে জরুরি ভিত্তিতে। চাঁদের মাটি থেকে নমুনা সংগ্রহ করে পৃথিবীতে এনে বিশ্লেষণ করতে চায় ভারত। ২০৪০ সাল নাগাদ চাঁদে মানুষ পাঠানোর পরিকল্পনাও রয়েছে। চন্দ্রযান-৩ এর সাফল্য এক্ষেত্রে অনুঘটকের কাজ করছে, তা বলাই বাহুল্য। গোটা প্রকল্পটিতে ব্যয় ধরা হয়েছে ২,১০৪.৬ কোটি টাকা। শুক্র গ্রহ প্রদক্ষিণ:

চাঁদ এবং মঙ্গলের পর শুক্র গ্রহে অভিযান চালাতে তৎপর ভারত। 'শুক্র প্রদক্ষিণ অভিযান'-এ ছাড়পত্র দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। এজন্য খরচ ধরা হয়েছে ১,২৩৬ কোটি টাকা। এর মধ্যে মহাকাশ যান তৈরিতে খরচ হবে ৮২৪ কোটি টাকা। গ্রহ পরিবারে শুক্র গ্রহ ভারতের নিকটতম প্রতিবেশী। মনে করা হয়, এই গ্রহের উৎপত্তির প্রক্রিয়া পৃথিবীর সঙ্গে অনেকটাই এক। সেক্ষেত্রে গ্রহগুলির পরিবেশগত বিবর্তনের ক্ষেত্রে একটা ধারণা তৈরিতে এই অভিযান বিশেষ গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে। ভারতীয় অন্তরীক্ষ কেন্দ্র:

গগন যান কর্মসূচিকে আরও এগিয়ে নিয়ে গিয়ে ভারতীয় অন্তরীক্ষ কেন্দ্র গড়ে তোলার প্রস্তাব রয়েছে। ২০৩৫ সাল নাগাদ এই কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায়। তবে, প্রাথমিক ভিত্তিতে এই কাজ শুরু হবে ২০২৮ সাল থেকে। পুনর্মার্জিত গগনযান কর্মসূচি বাবদ খরচ ধরা হয়েছে ২০ হাজার ১৯৩ কোটি টাকা। ২০২৪-২৫ কেন্দ্রীয় বাজেটে অর্থমন্ত্রী শ্রীমতী নির্মলা সীতারমন অত্যাধুনিক প্রকল্প বাবদ মহাকাশ স্টার্টআপ ক্ষেত্রে ১ হাজার কোটি টাকার মূলধনী তহবিল গড়ে তোলার কথা বলেছেন। সরকারের এইসব উদ্যোগের সুবাদে আন্তর্জাতিক মহাকাশ অর্থনীতিতে ভারত গুরুত্বপূর্ণ এক পক্ষ হয়ে উঠবে বলে আশা করা যায়।






ইউক্রেনের রাষ্ট্রপতির সঙ্গে

## প্রধানমন্ত্রীর বৈঠক

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** নিউইয়র্কে সামিট অফ দ্য ফিউচারের ফাঁকে ২৩ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ইউক্রেনের রাষ্ট্রপতি ভলোদিমির জেলেনস্কি-র সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। দুই নেতার আলোচনায় প্রধানমন্ত্রীর সাম্প্রতিক ইউক্রেন সফরের প্রসঙ্গ উঠে আসে, দ্বিপাক্ষিক সম্পর্ক ক্রমাগত মজবুত হতে থাকায় তাঁরা সন্তোষ প্রকাশ করেন। ইউক্রেনের পরিস্থিতি এবং সেখানে শান্তি স্থাপনের লক্ষ্যে এগোনোর পন্থা-পদ্ধতিও আলোচনায় গুরুত্ব পায়।

কূটনীতি, আলোচনা এবং সংশ্লিষ্ট সব পক্ষের অংশগ্রহণের মাধ্যমে সমস্যার শান্তিপূর্ণ সমাধানের যে স্পষ্ট, ধারাবাহিক ও গঠনমূলক দৃষ্টিভঙ্গী ভারত বরাবর নিয়ে এসেছে, প্রধানমন্ত্রী তা পুনর্ব্যক্ত করেন। এই সংঘাতের দীর্ঘস্থায়ী ও শান্তিপূর্ণ সমাধানের লক্ষ্যে ভারত সব ধরনের সহায়তা করতে প্রস্তুত করতে বলে তিনি জানান। ৩ মাসের সামান্য বেশি সময়ের মধ্যে এটি দুই নেতার তৃতীয় সাক্ষাৎ। তাঁরা নিজেদের মধ্যে সংযোগ অব্যাহত রাখতে সহমত হয়েছেন।

# প্রশাসনিক বৈঠকে নয়, মমতার সঙ্গে একান্তে সাক্ষাৎ অনুব্রতর



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রশাসনিক সভায় দেখা নয়। মমতা বন্দেয়াপাধ্যায়ের সঙ্গে একান্ত বৈঠক করবেন অনুব্রত মণ্ডল। ঘনিষ্ঠ সূত্রে এমনই খবর। জানা গিয়েছে, মঙ্গলবার প্রশাসনিক বৈঠকের পর সরকারি গেস্ট হাউস 'রাঙাবিতান'-এ অনুব্রত যাবেন মমতার সঙ্গে দেখা করতে। তাঁদের মধ্যে একান্তে আলাপ-আলোচনা হবে।আসলে ২ বছর বীরভূম জেলা সভাপতির পদটি ফাঁকাই রেখেছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। সাংগঠনিক কাজকর্ম দেখার জন্য কোর কমিটি গড়ে দিয়েছিলেন। এখন অনুব্রত ফিরেছেন জামিনে মুক্ত হয়ে। তিনিই আবার জেলা সভাপতি হিসেবে কাজ চালিয়ে যাবেন আগের মতো। আর গত ২ বছরের পরিবর্তিত রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কে তাঁকে জানিয়ে কর্মকৌশল বদলানোর পরামর্শ দিতে পারেন মুখ্যমন্ত্রী। আর সেই কারণে একান্ত সাক্ষাৎ।

জেলা সভাপতি হিসেবে এবার থেকে সংগঠনের কাজকর্ম কীভাবে চালাবেন, তা নিয়ে দুজনের মধ্যে কথা হতে পারে বলে সূত্রের খবর।

মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে অনুব্রত মণ্ডলের সুসম্পর্কের কথা অবিদিত নয় কারও। তিনি রাজনৈতিক বৃত্তেরই হোক বা তার বাইরের। সিপিএম জমানা থেকে লড়াই করে বীরভূমের লালমাটিতে ঘাসফুলকে দাপটের সঙ্গে প্রতিষ্ঠা করা অনুব্রত গোড়া থেকে মমতার অত্যন্ত স্নেহভাজন, ঘনিষ্ঠ। ২০২২ সালে যখন গরু পাচার মামলায় অনুব্রতকে নিচুপট্টির বাড়ি থেকে গ্রেপ্তার করে নিয়ে যায় সিবিআই, তখন থেকেই মমতার একটাই প্রতিক্রিয়া, ষড়যন্ত্র হয়েছে। একদিন ছাড়া পেয়ে যাবে। সেই কারণে সম্ভবত বীরভূমের জেলা সভাপতি পদটি তিনি ফাঁকা রেখেছিলেন। সাংগঠনিক কাজ চালাতে গড়ে দিয়েছিলেন কোর কমিটি। ঘটনাচক্রে ২ বছর পর জামিনে মুক্তি পেয়েছেন অনুব্রত মণ্ডল। জেল থেকে বেরিয়ে বলেছেন 'দিদি'র কথাই।এবার মুখ্যমন্ত্রী নিজে রয়েছেন বোলপুরে। ফলে উভয়ের সাক্ষাৎ প্রায় নিশ্চিত ছিল। প্রথমে মনে করা হচ্ছিল, বোলপুরের প্রশাসনিক বৈঠকেই থাকতে পারেন অনুব্রত। মঙ্গলবার সকাল পর্যন্তও তা নিয়ে নির্দিষ্ট কোনও খবর ছিল না কারও কাছেই। সবটাই ছিল জল্পনার স্তরে। তবে বেলা গড়াতেই জানা গেল, কোনও প্রশাসনিক বৈঠকে নয়, 'দিদি'র সঙ্গে একাই দেখা করতে চান কেষ্ট। আর মমতা তাঁকে সেই সময়ও দিয়েছেন। এদিন প্রশাসনিক বৈঠকের পর মুখ্যমন্ত্রী ফিরবেন বোলপুরের সরকারি গেস্ট হাউস 'রাঙাবিতান'-এ। সেখানেই অনুব্রতর সঙ্গে তাঁর একান্তে সাক্ষাৎ হবে।




ভিয়েতনামের রাষ্ট্রপতির সঙ্গে

## প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী নিউ ইয়র্কে রাষ্ট্রসঙ্ঘের সাধারণ সভায় 'সামিট অফ দ্য ফিউচার'-এর ফাঁকে ২৩ সেপ্টেম্বর ভিয়েতনামের রাষ্ট্রপতি শ্রী টু লাম-এর সঙ্গে সাক্ষাৎ করেন। শ্রী লাম ভিয়েতনাম কমিউনিস্ট পার্টিরও সাধারণ সম্পাদক।

রাষ্ট্রপতি টু লাম বর্ধিত নেতৃত্বের দায়িত্বভার গ্রহণ করায় প্রধানমন্ত্রী তাঁকে অভিনন্দন জানান। ভারত ও ভিয়েতনামের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও শক্তিশালী করতে যৌথ সহযোগ অক্ষুণ্ণ রাখার কথাও বলেছেন তাঁরা। এ মাসের শুরুতেই টাইফুন 'ইয়াগি'তে ভিয়েতনামে ব্যাপক জীবনহানি ও ক্ষয়ক্ষতিতে প্রধানমন্ত্রী তাঁর সমবেদনা ও সহমর্মিতার মনোভাব ব্যক্ত করেন। ভিয়েতনামের রাষ্ট্রপতি এই প্রাকৃতিক বিপর্যয়ে 'অপারেশন সদ্ভাব'-এর মাধ্যমে ভারত জরুরি মানবিক সহায়তা এবং ক্ষয়ক্ষতিজনিত ত্রাণ সাহায্য দেওয়ায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। উভয় নেতা গভীর ঐতিহ্যগত এবং সাংস্কৃতিক সম্বন্ধের গুরুত্বের ওপর আলোকপাত করে পারস্পরিক আস্থা ও বিশ্বাসের ভিত্তিতে বর্ধিত কৌশলগত সম্পর্কের কথা জানান। ভিয়েতনামের প্রধানমন্ত্রী শ্রী ফাম মিন চিন-এর গত মাসে ভারত সফরের উল্লেখ করে তাঁরা দ্বিপাক্ষিক সম্পর্ক এগিয়ে নিয়ে যাওয়ার সম্ভাবনা এবং দু'দেশের মধ্যে সর্বাত্মক কৌশলগত সহযোগিতাকে আরও শক্তিশালী করার কথা বলেন। ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল সহ আঞ্চলিক ও আন্তর্জাতিক নানা বিষয় নিয়ে উভয় নেতার মধ্যে আলোচনা হয়। আন্তর্জাতিক মঞ্চে গ্লোবাল সাউথ নিয়ে যৌথ ভূমিকার ওপরও গুরুত্ব দেন তাঁরা।

১-ম পাতার পর

# অমিত শাহের মন্তব্যে ক্ষুব্ধ ঢাকা, কড়া চিঠি ধরানো হল ভারতীয় দূতকে

মন্ত্রীদের থেকে আসা এই ধরনের মন্তব্য দুটি বন্ধুত্বপূর্ণ দেশের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা ও বোঝাপড়ার মনোভাবকে ক্ষুণ্ন করে। সে দেশের রাজনৈতিক নেতারা যাতে এই ধরনের আপত্তিকর এবং অগ্রহণযোগ্য মন্তব্য না করেন সে বিষয়ে ভারত সরকারের নজর রাখার প্রয়োজন।'

ওই প্রতিবাদপত্রে ভারতের স্বরাষ্ট্রমন্ত্রীর মন্তব্যকে 'অগ্রহণযোগ্য' আখ্যা দিয়ে চরম অসন্তোষ প্রকাশ করা হয়েছে। পাশাপাশি ভারতের রাজনৈতিক নেতাদের এই ধরনের আপত্তিকর এবং অগ্রহণযোগ্য মন্তব্য থেকে বিরত থাকার পরামর্শ দেওয়ার জন্য ভারত সরকারের কাছে দাবি জানানো হয়েছে।'

ঘটনার সূত্রপাত ঝাড়খণ্ডে ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের এক রাজনৈতিক সভায় করা মন্তব্য ঘিরে। গত শুক্রবার ঝাড়খন্ডের সাহেবগঞ্জ জেলায় বিজেপি আয়োজিত 'পরিবর্তন যাত্রা' নামে এক কর্মসূচিতে যোগ দিয়েছিলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সেকেন্ড ইন কম্যান্ড অমিত শাহ। ওই কর্মসূচিতে ভাষণ দিতে গিয়ে তিনি বাংলাদেশি অনুপ্রবেশকারীদের উদ্দেশ্যে হুমকি দেন। হুঙ্কার ছেড়ে শাহ বলেন, 'ঝাড়খণ্ডে বিজেপি সরকার গঠন করতে পারলে প্রত্যেক বাংলাদেশি অনুপ্রবেশকারীকে খুঁজে বের করে উল্টো ঝুলিয়ে রাখা হবে।'

১-ম পাতার পর

# বাংলাদেশিদের উল্টো করে টাঙাব, শাহি মন্তব্যের পাল্টা ওপারের

হাইকোর্ট একটি কমিটি গঠনের নির্দেশ দেওয়ায় তিনি আদালতকে ধন্যবাদ জানাতে চান। এই তদন্তের জন্য কেন্দ্র শীঘ্র ঝাড়খন্ড সরকারের সহায়তায় একটি কমিটি গঠন করবে।কী বলেছিলেন অমিত শাহ? সম্প্রতি ঝাড়খণ্ডের সাহেবগঞ্জে দলের পরিবর্তন যাত্রা-য় বক্তব্য রাখছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সেখানেই তিনি বলেন, ঝাড়খন্ডে বিজেপি সরকার গড়তে পারলে বাংলাদেশি অনুপ্রবেশকারীদের উল্টো করে ঝুলিয়ে সোজা করা হবে। আমি আপনাদের সবাইকে ঝাড়খন্ডে বিজেপি সরকার গঠনের জন্য আবেদন জানাতে চাই। আমরা প্রত্যেক বাংলাদেশি অনুপ্রবেশকারীকে উল্টো করে ঝুলিয়ে সোজা করব। এই জমি আদিবাসীদের। কিন্তু এখানে অনুপ্রবেশকারীদের সংখ্যা বাড়ছে। আদিবাসীর সংখ্যা ৪৪ শতাংশ থেকে ২৮ শতাংশে নেমে এসেছে। যেহেতু অনুপ্রবেশকারীরা জেএমএম, কংগ্রেস ও আরজেডির ভোটব্যাংক, তাই এখানকার সরকার জনকল্যাণের পরিবর্তে অনুপ্রবেশকারীদের কল্যাণে নিয়োজিত রয়েছে।

১-ম পাতার পর

# বাংলাদেশে ২০২৬ সালের আগে ভোট নয়, জানিয়ে দিলেন সেনাপ্রধান

সরকারকে ওই সময় দিতে হবে। ১৮ মাসের মধ্যে যাতে দেশে অবাধ নির্বাচনের পথ প্রশস্ত হয়, তা দেখা হবে।' তবে সেনাপ্রধানের এমন সাক্ষাৎকারে ভাল মনে মেনে নিতে পারছেন না বিএনপি-সহ বিরোধী দলের নেতারা। তারা মনে করছেন, ওয়াকার-উজ-জামান সেনা সদর দফতরে বসে রাজনৈতিক ইস্যু নিয়ে কথা বলে শিষ্টাচার ভেঙেছেন।এক আন্তর্জাতিক বার্তা সংস্থাকে দেওয়া সাক্ষাৎকারে তিনি জানিয়েছেন, 'দেশ সংস্কারের জন্য অন্তর্বর্তী সরকারকে সময় দেওয়া হবে। ১৮ মাসের মধ্যে নির্বাচন করা হবে।' অর্থাৎ ২০২৬ সালের প্রথম দিকে জাতীয় সংসদ নির্বাচন করানো হবে বলে ইঙ্গিত দিয়েছেন সেনাপ্রধান। ইতিমধ্যেই ওয়াকার-উজ-জামানের সাক্ষাৎকার নিয়ে ব্যাপক শোরগোল পড়ে গিয়েছে।গত বছর ডিসেম্বরে বাংলাদেশে শেষ বারের মতো জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। ওই নির্বাচনে বিপুল ভোটে জিতে ক্ষমতায় ফেরেন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা। কিন্তু গত ৫ অগস্ট সেনা বিদ্রোহের মুখে দেশ ছেড়ে চলে যান তিনি। পরে ৮ অগস্ট জাতীয় সংসদ ভেঙে দেন রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন। অন্তর্বর্তী সরকারের কাছে অবিলম্বে নির্বাচন করানোর দাবি জানায় বিএনপি-সহ বিভিন্ন দল। যদিও জাতীয় সংসদ নির্বাচন নিয়ে উচ্চবাচ্য করছে না ইউনূসের সরকার। ফলে অন্তর্বর্তী সরকারের মতিগতি নিয়ে সন্দেহ দানা বেঁধেছে। তার মধ্যেই ভোট করানো নিয়ে মুখ খুললেন সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান।

২ পাতার পর

# সোমবার ইসরায়েলি বিমান হামলায় কয়েক হাজার রকেট ধ্বংস:- (লেবাননের বেসামরিক নাগরিকদের জন্য একটি পাবলিক সতর্কতা জারি)

কর্মকর্তা অ্যাক্রিওসের কাছে দাবি করেছেন যে শত শত ক্রুজ ক্ষেপণাস্ত্র ধ্বংস করা হয়েছে এবং হিজবুল্লাহ প্রতিক্রিয়া জানাতে লড়াই করবে কারণ এর অনেক ক্ষেপণাস্ত্র ছিটকে গেছে।

ইসরায়েলের প্রতিরক্ষা মন্ত্রী ইয়োভ গ্যালান্ট এক বিবৃতিতে বলেছেন যে ২০ বছর ধরে হিজবুল্লাহ যে সক্ষমতা তৈরি করেছে ইসরায়েল "ক্ষতিকর" করছে। সোমবার ইসরায়েলি বিমান হামলায় নির্ভুল ক্ষেপণাস্ত্র সহ কয়েক হাজার রকেট ধ্বংস হয়েছে, বিবৃতিটি অব্যাহত রয়েছে। তাঁরা মন্তব্য করেছে যে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু সোমবার ইসরায়েলি বিমান বাহিনীর কমান্ড সেন্টার পরিদর্শন করার পর এক বিবৃতিতে বলেছেন যে ইসরায়েলের নীতি হল যে কোনও হুমকি বাস্তবে রূপ নেওয়ার আগেই তা দূর করা।

নেতানিয়াহু বলেন, "যে কেউ আমাদের আঘাত করার চেষ্টা করে, আমরা তাকে আরও বেশি আঘাত করি। আমি প্রতিশ্রুতি দিয়েছিলাম যে আমরা উত্তরে ক্ষমতার ভারসাম্য পরিবর্তন করব - আমরা ঠিক এটিই করছি," নেতানিয়াহু বলেন।

# 'সামিট অফ দ্য ফিউচার'-এ প্রধানমন্ত্রীর ভাষণ

**নয়াদিল্লি, ২৩ সেপ্টেম্বর ২০২৪ : নিউজ সারাদিন :** নিউ ইয়র্কে রাষ্ট্রসঙ্ঘে 'সামিট অফ দ্য ফিউচার'-এ ভাষণ দিয়েছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। এই শিখর সম্মেলনের আলোচ্য বিষয় ছিল - 'উন্নত ভবিষ্যতের জন্য বহুপাক্ষিক সমাধানসূত্র'। সম্মেলনে বিরাট সংখ্যক বিশ্ব নেতৃত্ব যোগদান করেন। প্রধানমন্ত্রী তাঁর ভাষণে ভবিষ্যৎ প্রজন্মের জন্য সুস্থায়ী বিশ্ব গড়ে তুলতে ভারতের দৃষ্টিভঙ্গীর ওপর আলোকপাত করেন। শ্রী মোদী বলেন, বিশ্ব জনসংখ্যার এক-ষষ্ঠমাংশ যাঁরা আন্তর্জাতিক শান্তি, উন্নয়ন ও সমৃদ্ধির কথা বলে, তাঁদের পক্ষ থেকে এই শিখর সম্মেলনে তিনি বক্তব্য

এরপর ৪ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৬২ সংখ্যা ২৫ সেপ্টেম্বর, ২০২৪ বুধবার ০৮ আশ্বিন্র, ১৪৩১

৩ পাতার পর

## 'সামিট অফ দ্য ফিউচার'-এ প্রধানমন্ত্রীর ভাষণ

রাখছেন। উজ্জ্বল বিশ্ব ভবিষ্যতের জন্য মানব-কেন্দ্রিক যৌথ প্রয়াস জরুরি। প্রধানমন্ত্রী সুস্থায়ী উন্নয়ন উদ্যোগকে এগিয়ে নিয়ে যেতে ভারতের সাফল্যের কথা ব্যক্ত করে বলেন, কেবল এক দশকের মধ্যেই ভারত ২৫ কোটি মানুষকে দারিদ্র্যসীমার ওপরে তুলে এনেছে। গ্লোবাল সাউথের দেশগুলির প্রতি সহমর্মিতা ব্যক্ত করে তিনি বলেন, ভারত তার উন্নয়নমূলক অভিজ্ঞতা তাদের সাথে ভাগ করে নিতে পেরে নিজেকে সৌভাগ্যবান মনে করছে। প্রযুক্তির নিরাপদ এবং দায়িত্বপূর্ণ ব্যবহার প্রসারের জন্য ভারসাম্যমূলক নিয়ন্ত্রণবিধির প্রয়োজনীয়তার কথা জানান তিনি। প্রধানমন্ত্রী বলেন, বৃহত্তর মানবকল্যাণের স্বার্থে ভারত উদার মনোভাব নিয়ে তার ডিজিটাল জন-পরিকাঠামোর অভিজ্ঞতা অন্যের সঙ্গে ভাগ করে নিতে আগ্রহী। 'এক পৃথিবী, এক পরিবার, এক ভবিষ্যৎ'- ভারতের এই দায়বদ্ধতার ওপর আলোকপাত করে প্রধানমন্ত্রী বলেন, এটাই ভারতের অভিমুখ।

প্রধানমন্ত্রী রাষ্ট্রসজ্ঘ নিরাপত্তা পরিষদ সহ বিভিন্ন বিশ্ব পরিচালন সংস্থায় দ্রুত সংস্কারের প্রয়োজনীয়তার কথা বলেন। শ্রী মোদী বলেন, প্রাসঙ্গিকতা বজায় রাখতে এই সংস্কার জরুরি এবং বিশ্বের আকাঙ্ক্ষা পূরণে সংস্থাগুলির কাজকর্ম সব সময়েই সঙ্গতিপূর্ণ হওয়া উচিত। প্রধানমন্ত্রীর পুরো ভাষণটি দেখতে https://bit.ly/4diBR08 -এ ক্লিক করুন।

দুটি পরিশিষ্ট-বিশ্ব ডিজিটাল কম্প্যাক্ট এবং ভবিষ্যৎ প্রজন্ম নিয়ে ঘোষণাপত্র সহ ভবিষ্যৎ চুক্তি সম্বলিত একটি ফলাফল নথি গ্রহণের মধ্য দিয়ে শিখর সম্মেলন শেষ হয়েছে।

## সম্পাদকীয়

### প্রশাসনিক বৈঠকে নয়, মমতার সঙ্গে একান্তে সাক্ষাৎ অনুব্রতর

প্রশাসনিক সভায় দেখা নয়। মমতা বন্দেয়াপাধ্যায়ের সঙ্গে একান্ত বৈঠক করবেন অনুব্রত মণ্ডল। ঘনিষ্ঠ সূত্রে এমনই খবর। জানা গিয়েছে, মঙ্গলবার প্রশাসনিক বৈঠকের পর সরকারি গেস্ট হাউস 'রাঙাবিতান'-এ অনুব্রত যাবেন মমতার সঙ্গে দেখা করতে। তাঁদের মধ্যে একান্তে আলাপ-আলোচনা হবে।আসলে ২ বছর বীরভূম জেলা সভাপতির পদটি ফাঁকাই রেখেছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। সাংগঠনিক কাজকর্ম দেখার জন্য কোর কমিটি গড়ে দিয়েছিলেন। এখন অনুব্রত ফিরেছেন জামিনে মুক্ত হয়ে। তিনিই আবার জেলা সভাপতি হিসেবে কাজ চালিয়ে যাবেন আগের মতো। আর গত ২ বছরের পরিবর্তিত রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কে তাঁকে জানিয়ে কর্মকৌশল বদলানোর পরামর্শ দিতে পারেন মুখ্যমন্ত্রী। আর সেই কারণে একান্ত সাক্ষাৎ।

জেলা সভাপতি হিসেবে এবার থেকে সংগঠনের কাজকর্ম কীভাবে চালাবেন, তা নিয়ে দুজনের মধ্যে কথা হতে পারে বলে সূত্রের খবর।

মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে অনুব্রত মণ্ডলের সুসম্পর্কের কথা অবিদিত নয় কারও। তিনি রাজনৈতিক বৃত্তেরই হোক বা তার বাইরের। সিপিএম জমানা থেকে লড়াই করে বীরভূমের লালমাটিতে ঘাসফুলকে দাপটের সঙ্গে প্রতিষ্ঠা করা অনুব্রত গোড়া থেকে মমতার অত্যন্ত স্নেহভাজন, ঘনিষ্ঠ। ২০২২ সালে যখন গরু পাচার মামলায় অনুব্রতকে নিচুপট্টির বাড়ি থেকে গ্রেপ্তার করে নিয়ে যায় সিবিআই, তখন থেকেই মমতার একটাই প্রতিক্রিয়া, ষড়যন্ত্র হয়েছে। একদিন ছাড়া পেয়ে যাবে। সেই কারণে সম্ভবত বীরভূমের জেলা সভাপতি পদটি তিনি ফাঁকা রেখেছিলেন। সাংগঠনিক কাজ চালাতে গড়ে দিয়েছিলেন কোর কমিটি। ঘটনাচক্রে ২ বছর পর জামিনে মুক্তি পেয়েছেন অনুব্রত মণ্ডল। জেল থেকে বেরিয়ে বলেছেন 'দিদি'র কথাই।এবার মুখ্যমন্ত্রী নিজে রয়েছেন বোলপুরে। ফলে উভয়ের সাক্ষাৎ প্রায় নিশ্চিত ছিল। প্রথমে মনে করা হচ্ছিল, বোলপুরের প্রশাসনিক বৈঠকেই থাকতে পারেন অনুব্রত। মঙ্গলবার সকাল পর্যন্তও তা নিয়ে নির্দিষ্ট কোনও খবর ছিল না কারও কাছেই। সবটাই ছিল জল্পনার স্তরে। তবে বেলা গড়াতেই জানা গেল, কোনও প্রশাসনিক বৈঠকে নয়, 'দিদি'র সঙ্গে একাই দেখা করতে চান কেষ্ট। আর মমতা তাঁকে সেই সময়ও দিয়েছেন। এদিন প্রশাসনিক বৈঠকের পর মুখ্যমন্ত্রী ফিরবেন বোলপুরের সরকারি গেস্ট হাউস 'রাঙাবিতান'-এ। সেখানেই অনুব্রতর সঙ্গে তাঁর একান্তে সাক্ষাৎ হবে।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এই মন্দিরগুলিতে দশমহাবিদ্যা অর্থাৎ ভুবনেশ্বরী, বগলামুখী, ছিন্নমস্তা, ত্রিপুরাসুন্দরী, তারা, কালী, ভৈরবী, ধূমাবতী, মাতঙ্গী এবং কমলা এই দশ দেবীর মন্দির রয়েছে। তার মধ্যে ত্রিপুরাসুন্দরী, মাতঙ্গী এবং কমলা প্রধান মন্দিরে পূজিত হন। অন্যান্য দেবীদের জন্য পৃথক মন্দির আছে। হিন্দুদের বিশেষত তন্ত্রসাধকদের কাছে এই মন্দির একটি পবিত্র তীর্থ। কামাখ্যা মন্দিরের অধিষ্ঠান, এটির থেকে অনুমিত হয় মূল মন্দিরটি নাগারা স্থাপত্যশৈলীর মন্দির ছিল। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



**মৃত্যুঞ্জয় সরদার**
**(পঞ্চম পর্ব)**





সময়ের বাধা। সে আর এক অলৌকিক কাহিনী দেবীর এই কথা শুনে অন্নদা এক প্রকার আঁতকে ওঠেন। সে ভাবতে থাকে, পুজোপাঠ না করায় মা রাগ করে চলে যাচ্ছেন। তখন দেবী বলেন, 'আমি শুধু শাস্ত্র বিহিত মতে পুজো পেতে চাই তা নয়। মা খাও, মা পড়ো- এমন সহজ সরল প্রাণের ভাষায় যে ভক্ত নিজের ভোগ্যবস্তু এবং ব্যবহার্য বস্তু আমাকে নিবেদন করেন, সেটাই আমার পুজো। যদি কোনও ভক্ত আমার সামনে আদ্যাস্তোত্র পাঠ করে, তাহলে আমি বিশেষ আনন্দিত হই।' এরপর দেবী আদ্যাস্তোত্র বলেন এবং অন্নদা তা লিখে রাখেন। সেই স্তোত্রই বর্তমানে আদ্যাপীঠে পাঠ হয়। শ্রীরামকৃষ্ণদেবের থেকে দীক্ষা পরে দেবী আদ্যার স্বপ্নাদেশ মতো, অন্নদা বিজয়া দশমীতে মূর্তিটি বিসর্জন দেন মাঝগঙ্গায়। স্বপ্নাদেশ মতই মূর্তিটির ছবি তুলে রেখেছিলেন অন্নদাচরণ। সেখান থেকেই তৈরি হয় বর্তমান আদ্যামূর্তি। বাংলার ১৩২৫ সালে শ্রীরামকৃষ্ণ তাঁকে স্বপ্নে সন্ন্যাস দীক্ষাও দেন। রামকৃষ্ণদেব, অন্নদাকে বলেন, 'তোর কবিরাজি ব্যবসা হবে না'। অন্নদা ঠাকুরের

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**


# দার্জিলিংয়েও গরমের প্রকোপ, চালাতে হচ্ছে ফ্যান, কিনতে হচ্ছে এসি!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সমতলে অসহ্য গরমের হাত থেকে মুক্তি পেতে অনেকেরই পছন্দের সেরা গন্তব্য পাহাড়ের রানী দার্জিলিং। কিন্তু চলতি বছরের শরৎ মাসে তীব্র গরমে হাঁসফাঁস অবস্থা পশ্চিমবঙ্গের দার্জিলিংয়েও! যেখানে জানালা খুললেই দেখা মেলে বরফে ঢাকা পাহাড়। সেই সাথে শরীরে ছোঁয়া লাগে হাড় কাঁপানো ঠাণ্ডা হাওয়া। গরম থেকে বাঁচতে সেই দার্জিলিংয়েই এখন চালাতে হচ্ছে ফ্যান, কিনতে হচ্ছে শীততাপ নিয়ন্ত্রিত যন্ত্র (এসি)। আবহাওয়া অফিস বলছে পাহাড়ে প্রায় ৩০ বছরের উষ্ণতার রেকর্ড ভেঙেছে। সোমবার দার্জিলিংয়ে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ ডিগ্রি সেলসিয়াস, সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮ক্ক সেলসিয়াস। গত কয়েকদিন ধরেই পাহাড়ে সর্বোচ্চ তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসের উপরে ঘোরাফেরা করছে। অথচ সপ্তাহখানেক আগেও বৃষ্টির কারণে ছাতা হাতে ঘুরতে হয়েছিল পর্যটকদের। আর এখন তীব্র গরমের হাত থেকে বাঁচতে পর্যটকদের হাতিয়ার সেই ছাতাই। অধিকাংশ হোটেল ও রেস্তোরাঁয় চালাতে হচ্ছে ফ্যান। গরমে নাজেহাল দার্জিলিংবাসী ও পর্যটকদের তৃষ্ণা মেটাচ্ছে আইসক্রিম। মনীষা দাস নামে এক নারী পর্যটক জানান 'ভাবতেই পারিনি যে গরমে দার্জিলিঙে এই অবস্থা হবে। কোনরকম লেপ, কম্বল বা শীতের পোশাক প্রয়োজন হচ্ছে না।' অনিন্দিতা দে নামে আরেক পর্যটক জানান 'এর আগেও ছয়-সাতবার এসেছি। কিন্তু এরকম গরম দার্জিলিংয়ে কখনো পাইনি। দার্জিলিংয়ে ফ্যান চলছে এটা ভাবতেই অবাক লাগছে।' দার্জিলিং জেলার সমতল এলাকা শিলিগুড়িতেও গরমে হাঁসফাঁস অবস্থা স্থানীয় বাসিন্দাদের। ইলেকট্রনিক্স দোকানগুলিতে বাড়ছে এসি, ফ্যান, কুলার ও ফ্রিজের চাহিদা। সুব্রত রায় নামে এক বিক্রেতা জানান 'যে তুলনায় পণ্যের চাহিদা বেড়েছে, সেই তুলনায় জোগান নেই। ক্রেতারা যেদিন এসি মেশিন কিনছেন সেদিনই তাদেরকে ইন্সটল করে দিতে হবে বলে অনুরোধ করছেন কিন্তু সেটা সম্ভব হচ্ছে না। কারণ যোগান কম। ফলে কিছুটা অসুবিধা হচ্ছে।' তীব্র গরমে নাজেহাল স্কুল শিক্ষার্থীরাও। সকালে স্কুল চালুর আবেদন জানিয়ে রাজ্যের শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসুকে চিঠি দিয়েছেন শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ। শংকর জানান 'যেই গরম পড়েছে সেই গরমে স্কুলের শিক্ষার্থীরা ও তাদের অভিভাবকরা বলছেন এই গরমে ক্লাস করা খুবই সমস্যার কারণ হয়ে দাঁড়িয়েছে।' সব মিলিয়ে আবহাওয়ার খামখেয়ালিপনায় চরম সমস্যায় পাহাড়বাসি। ভাটা পড়েছে পর্যটকেও। অধিকাংশ হোটেলে বুকিং প্রায় তলানিতে ঠেকেছে। কারণ গরমের কারণে দুপুরে পর্যটকরা হোটেলের বাইরে বেরোতে পারছেন না। তবে বিকেল গড়াতেই তাপমাত্রা কিছুটা কমছে। আর তখনই ম্যালসহ পাহাড়ের অন্য জায়গা গুলিতে পর্যটকদের সমাগম চোখে পড়ছে। যদিও আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে 'মঙ্গলবার থেকে দার্জিলিংয়ে গরম এবং অস্বস্তিকর আবহাওয়া কিছুটা কমবে।' আলিপুর আবহাওয়া দপ্তরের আঞ্চলিক কর্মকর্তা সোমনাথ দত্ত জানিয়েছেন 'মঙ্গলবার উত্তরবঙ্গের সব জেলাতেই বজ্রবিদ্যুৎসহ বৃষ্টি হবে। সেই সাথে ৩০ থেকে ৪০ কিলোমিটার গতিবেগে দমকা ঝড়ো বাতাস বইবে। ভারী বৃষ্টির সতর্কতা থাকবে দার্জিলিং এর পার্বত্য এলাকায়। সেক্ষেত্রে গরম এবং অস্বস্তিটা উভয়ই কমবে। পরবর্তী তিনদিন বুধবার, বৃহস্পতিবার ও শুক্রবারও ভারী থেকে অতিভারী বৃষ্টির সতর্কতা রয়েছে দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, উত্তর দিনাজপুর ও মালদা জেলাতে।

# নিউইয়র্কে মোদি-ইউনূস বৈঠক না হওয়ার কারণ জানাল নয়াদিল্লি





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদের সম্মেলনে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. ইউনূসের বৈঠক না হওয়ার কারণ ব্যাখ্যা করেছে নয়াদিল্লি। ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে বলা হয়েছে, দুই নেতার বৈঠক না হওয়ার প্রধান কারণ সফরসূচিতে গরমিল এবং সময়ের অভাব।

প্রসঙ্গত, জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনকে ঘিরে বাংলাদেশের বিভিন্ন সংবাদমাধ্যমে গত বেশ কয়েক দিন ধরে জল্পনা চলছিল যে অধিবেশনের ফাঁকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং বাংলাদেশের বর্তমান অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহম্মদ ইউনূসের মধ্যে বৈঠক হতে পারে। তবে গত ১৯ সেপ্টেম্বর নয়াদিল্লির পক্ষ থেকে বলা হয়, নিউইয়র্কে মোদি এবং ইউনূসের মধ্যে কোনো বৈঠক হবে না।

নয়াদিল্লির এই ঘোষণার পর পরই সংবাদমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমগুলোতে চাউর হয়ে যায় যে বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিবর্তন এবং সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা বর্তমানে ভারতে রাজনৈতিক আশ্রয়ে থাকার কারণে ইউনূসের সঙ্গে বৈঠক করতে চাইছেন না মোদি। তবে সোমবার এক প্রেস ব্রিফিংয়ে এ তথ্য নাকচ করে দিয়েছেন ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি।

মঙ্গলবার ভোরের দিকে নিউইয়র্ক সফর শেষ করে নয়াদিল্লির বিমানবন্দরে অবতরণ করেছে মোদিকে বহনকারী উড়োজাহাজটি। আগের দিন সোমবার তাকে বহনকারী উড়োজাহাটটি নিউইয়র্কের বিমানবন্দর ত্যাগের কিছুক্ষণ পর নয়াদিল্লিতে এক ব্রিফিংয়ে এ সংক্রান্ত এক প্রশ্নের উত্তরে বলেন, আপনারা জানেন, এবার আমাদের প্রধানমন্ত্রী খুবই সংক্ষিপ্ত সফরে নিউইয়র্কে গিয়েছিলেন। তার সফরের মেয়াদ ছিল মাত্র ৫৫ ঘণ্টা এবং কয়েক মিনিট আগে তিনি নিউইয়র্ক থেকে নয়াদিল্লির উদ্দেশে রওনা হয়েছেন। অন্যদিকে বাংলাদেশের তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা এখনো নিউইয়র্কে গিয়ে পৌঁছাননি। যেহেতু উভয়ের ভ্রমণ শিডিউল ভিন্ন ছিল, তাই এবার তাদের মধ্যে বৈঠকের কোনো সুযোগ ছিল না।

ভারতের পররাষ্ট্র সচিব আরো জানান, যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট এবং আগামী নির্বাচনে রিপাবলিকান দলের প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বৈঠকের কথা ছিল নরেন্দ্র মোদির। কিন্তু সংক্ষিপ্ত শিডিউল এবং ব্যস্ততার কারণে সেই বৈঠকও বাতিল হয়েছে।

প্রধান উপদেষ্টা হিসেবে এটিই ড. ইউনূসের প্রথম বিদেশ সফর। এই সফরে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে বৈঠক হতে যাচ্ছে ড. মুহাম্মদ ইউনূসের। এছাড়া প্রধান উপদেষ্টা আরো বেশ কয়েকটি দ্বিপক্ষীয় বৈঠকেও অংশগ্রহণ করবেন।

# সিনেমার খবর

## আরিয়ানের ওয়েব সিরিজে শাহরুখ-সালমান





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড কিং শাহরুখ খানের বড় ছেলে আরিয়ান খান বলিউডে পা রাখতে যাচ্ছেন। তবে বাবার মতো ক্যামেরার সামনে কাজ করার ইচ্ছা নেই আরিয়ান খানের। নিজের ক্যারিয়ার গড়তে চান পরিচালক হিসেবে। সিনেমা বানানোকেই পেশা হিসেবে বেছে নিয়েছেন শাহরুখ-গৌরীর প্রথম সন্তান।

পরিকল্পনা অনুযায়ী, পরিচালনার কাজ শুরু করেছেন আরিয়ান খান। এর আগে বিজ্ঞাপনও নির্মাণ করেছেন। এখন নির্মাণ করছেন ওয়েব সিরিজ; যার নাম 'স্টারডম'। এর কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করছেন মোনা সিং। ছেলের ওয়েব সিরিজে ক্যামিও চরিত্রে দেখা যাবে শাহরুখ খানকে। এবার জানা গেল, আরিয়ানের নির্দেশনায় সিরিজটিতে অভিনয় করলেন সালমান খান।

ভারতীয় গণমাধ্যম বলছে, 'আরিয়ান খানের ওয়েব সিরিজের একটি এপিসোডে দেখা যাবে সালমান খানকে। এরই মধ্যে সালমান খান তার অংশের শুটিং শেষ করেছেন। তবে শাহরুখ-সালমানকে সম্ভবত একসঙ্গে কোনো এপিসোডে দেখা যাবে না। আরিয়ানের সিরিজে দুই তারকার উপস্থিতির খবর পেয়ে উচ্ছ্বসিত তাদের ভক্ত-অনুরাগীরা।'

সালমান খানকে ক্যামিও চরিত্রে অভিনয়ের প্রস্তাব দেওয়ার পর সঙ্গে সঙ্গে রাজি হয়ে যান। এ তথ্য উল্লেখ করে সূত্রটি বলেন, 'স্টারডম ওয়েব সিরিজে ক্যামিও চরিত্রে অভিনয়ের জন্য যখন সালমান খানকে প্রস্তাব দেওয়া হয়, তখন দ্বিতীয় কোনো শব্দ উচ্চারণ করেননি তিনি। শাহরুখ খান ও তার পরিবারের সঙ্গে সালমানের খুবই ঘনিষ্ঠ সম্পর্ক। তাই আরিয়ানকে 'হ্যাঁ' বলতে সময় ব্যয় করেননি সালমান।'

'স্টারডম' ওয়েব সিরিজে একঝাঁক তারকাকে ক্যামিও চরিত্রে দেখা যাবে। এর আগে, শোনা গিয়েছিল আরিয়ান পরিচালিত ওই সিরিজের প্রত্যেক পর্বে ইন্ডাস্ট্রির প্রথম সারির অভিনেতারা কাজ করবেন। সে তালিকায় রয়েছে রণবীর সিং, রণবীর কাপুর, করণ জোহর ও ববি দেওলের নাম। এবার সেই তালিকায় যুক্ত হচ্ছে সালমান খানের নাম।

## ঠিকানা বদল করছেন দীপিকা-রণবীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সদ্য সংসারে এসেছে নতুন সদস্য। তাই জীবনে বড় পরিবর্তন আনতে চলেছেন দীপিকা পাড়ুকোন ও রণবীর সিংহ। ঠিকানা বদল করছেন তারকা দম্পতি। মুম্বাইয়ের বান্দ্রায় একটি বহুতলে নতুন ফ্ল্যাট কিনেছেন দীপিকা ও রণবীর। ৮ সেপ্টেম্বর দক্ষিণ মুম্বাইয়ের এক হাসপাতালে কন্যাসন্তানের জন্ম দিয়েছেন দীপিকা। তার ঠিক ক'দিন পরেই অর্থাৎ ১২ সেপ্টেম্বর এই নতুন বাড়ির রেজিস্ট্রেশন করেছেন এই তারকা দম্পতি।

জানা গিয়েছে, রণবীরের মা অঞ্জু ভবনানির বাড়ির পাশেই এই নতুন ফ্ল্যাট কিনেছেন তারা। সাগর রেশম আবাসনের ১৫ তলায় এই ফ্ল্যাট কিনেছেন তারা। মুম্বাই শহরে এই বহুতল খুবই বিলাসবহুল বলে পরিচিত। এই বহুতল থেকে সমুদ্র দেখা যায় বলেও জানা গিয়েছে। তাই দামও আকাশছোঁয়া। ১৭.৮ কোটি টাকা দিয়ে এই নতুন ফ্ল্যাট কিনেছেন দীপিকা-রণবীর।

এই ফ্ল্যাটের আয়তন ১৮৪৫ বর্গফুট। এই এলাকায় প্রতি বর্গফুটের দাম ৯৬ হাজার ৪০০ টাকা। কয়েক বছর আগে বান্দ্রা ব্যান্ডস্ট্যান্ডে আরো একটি বিলাসবহুল বাড়ি কিনেছিলেন দীপিকা-রণবীর। সমুদ্রমুখী ১১ হাজার ২৬৬ বর্গফুটের এই বাড়ি ছিল শাহরুখ খানের বাড়ি 'মান্নাত'-এর কাছে। এছাড়াও ১৩০০ বর্গফুটের একটি অতিরিক্ত জায়গাও রয়েছে সেই বাড়ির সঙ্গে। চারটি তলা নিয়ে এই বাড়ি। ১০০ কোটি টাকা দিয়ে এই বাড়ি কিনেছিলেন তারকা জুটি।

২০২১ সালে আলিবাগেও একটি বাড়ি কেনেন তারা। এই বাড়ির দাম ২২ কোটি টাকা। ফেব্রুয়ারি মাসে দীপিকা ও রণবীর ঘোষণা করেছিলেন, সেপ্টেম্বর মাসে তাদের সংসারে আসছে নতুন সদস্য। গণেশ চতুর্থী উপলক্ষে সিদ্ধিবিনায়ক মন্দিরে পুজো দিতে যান তারা। তার পরের দিনই হাসপাতালে ভর্তি হন দীপিকা। ৮ সেপ্টেম্বর অভিনেত্রীর কোলে আসে প্রথম সন্তান। নতুন মা-বাবাকে শুভেচ্ছায় ভরিয়ে দিয়েছেন বলিউডের তারকারা ও তাদের অনুরাগীরা।

## ফের গায়িকা আলিয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অভিনয়ের বাইরে আলিয়া ভাটের আরও একটি প্রতিভা রয়েছে, যেটা সম্পর্কে খুব বেশি মানুষ জানে না। তা হলো গান। হ্যাঁ, গাইতে পারেন আলিয়া ভাট। নিজের নতুন সিনেমা 'জিগরা'র গানেও কণ্ঠ দিয়েছেন অভিনেত্রী। গতকাল গানটি প্রকাশিত হয়েছে। নানা কারণেই গানটি বিশেষ।

এটি গেয়েছেন আলিয়া ও দিলজিৎ দোসাঞ্জ। গানের ভিডিওতেও আছেন তাঁরা দুজন। এর মাধ্যমে আট বছর পর একসঙ্গে কাজ করলেন তাঁরা। ২০১৬ সালে প্রশংসিত সিনেমা 'উড়তা পাঞ্জাব'-এ দেখা গিয়েছিল তাঁদের।

সে সিনেমায় 'এক কুড়ি' শিরোনামের একটি গান রয়েছে, যা এখনো শ্রোতাদের মুগ্ধ করে। ওই গানের নামের সঙ্গে নতুন গানটির নামের [চল কুড়িয়ে] মিল রয়েছে। গানটি লিখেছেন হরমনজিৎ সিং, সংগীতায়োজনে মনপ্রীত সিং। গানের কথায় নারীর সংগ্রাম ও সাহসিকতার বিষয় উঠে এসেছে। আলিয়া-দিলজিতের সমন্বিত কণ্ঠ ও পারফরম্যান্স সাড়াও পাচ্ছে বেশ।



কেউ বলছেন, 'দিলজিতের সঙ্গে মিলে আলিয়া আমাদের হৃদয় জিতে নিয়েছেন', আবার কারো মন্তব্য, 'দিলজিতের এনার্জির সঙ্গে আলিয়ার কণ্ঠ দারুণভাবে মিলে গেছে।'

'জিগরা' নির্মাণ করেছেন ভাসান বালা। ভাই-বোনের ভালোবাসা ও মমতার বন্ধন স্পর্শকাতর উপায়ে তুলে ধরেছেন নির্মাতা। ভাইকে রক্ষা করার জন্য বোন কী করতে পারে, কত ঝুঁকি নিতে পারে, সেটা দেখা যাবে সিনেমাতে। ট্রেলারে তেমনই আভাস মিলেছে। প্রকাশের পর ৯ দিনে ট্রেলারটির ভিউ হয়েছে তিন কোটি ৭০ লাখের বেশি। মসলাদার সিনেমার বাইরে এ রকম সাড়া সচরাচর দেখা যায় না। সিনেমাতে আলিয়ার ভাইয়ের চরিত্রে অভিনয় করেছেন বেদাং রায়না। প্রেক্ষাগৃহে সিনেমাটি মুক্তি পাবে ১১ অক্টোবর।

## ৯ বছর পরে বলিউডে ফিরছেন আদনান সামি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উপমহাদেশের জনপ্রিয় গায়ক আদনান সামির কথা মনে আছে নিশ্চই। নব্বই দশকের ক্যাসেট, ভিসিআর এর যুগে হরহামেশাই বাজতো তার গান। এরপর তার গানের ধারা স্বাভাবিক গতিতে চলতে থাকলেও ২০১০ এ এসে অস্তিত্ব হারাতে থাকেন সামি। এরপর একরকম লাপাত্তাই হয়ে যান গানের জগৎ থেকে। যদিও শেষের কয়েক বছর তিনি শুধু সংগীত পরিচালনার কাজই চালিয়ে গেছেন।

এর মাঝে কেটে গেছে অনেকগুলো বছর। মাঝে তার দৈহিক গড়ন নিয়েও শুরু হয় চর্চা। হঠাৎ সামি নিজেকে ধরা দেন স্লিম ফিগার লুকে। তা নিয়ে নেটিজেনরা বেশ আলোচনা করলেও অনেকের আগ্রহ ছিল এই শিল্পীর কামব্যাক নিয়ে।

শোনা যাচ্ছে, সবকিছু গুছিয়ে আবারও হিন্দি সিনেমার প্লেব্যাকে আসছেন আদনান সামি। দীর্ঘ ৯ বছর পর ফিরছেন তিনি; কাজ করবেন কাসুর এবং ভিকি অউর বিদ্যা কা ওয়ালা নামে দুটি ছবিতে।

সম্প্রতি ভারতীয় গণমাধ্যমে দেওয়া এক সাক্ষাৎকারে তার অনুরাগীদের উদ্দেশে এমনই আশাবাদ দিলেন আদনান সামি। জানালেন, তার সময়ের দরকার ছিল বিধায় তিনি বিশ্রামে ছিলেন। গায়কের কথায়, 'কোনো প্লানও ছিল না, হিসেবও ছিল না। আমার নিজের একটু সময় দরকার ছিল নিজেকে পুনরুজ্জীবিত করে তোলার জন্য, নতুন গানের জন্য নিজেকে তৈরি করব বলে। যা নতুন গান আসবে সেটাকে গ্রহণ করার জন্য তৈরি হব বলে সময় নিতাম। কিন্তু ভাবিনি এতটা সময় লেগে যাবে। আসলে সময় বড্ড দ্রুত কেটে যায়। আমার তো আজও মনে হয়, এই তো সেদিন বজরঙ্গী ভাইজান হল আর তাতে আমি ভর দো ঝোলি গাইলাম। আমি আমার নতুন গানগুলো নিয়ে দারুণ উচ্ছ্বসিত।'

তিনি এদিন আরও জানান, 'আমি এখন কাজের জন্য একেবারে প্রস্তুত। বিশ্ব জুড়ে নানা জায়গায় আমি এখন কনসার্ট করে বেড়াচ্ছি। আবার রেকর্ডিং ফেজে ফিরেছি। স্বাধীন ভাবে কিছু গান বানাচ্ছি, এটা আমার জীবনের গুরুত্বপূর্ণ অংশ।'

আদনান মশকরা করে জানালেন, কিছুটা অলস হয়ে গেছেন তিনি। তবে তার এই ৩৫ বছরের ক্যারিয়ারে বিভিন্ন ধরনের গান গেয়েছেন বলেও জানান। তবে তিনি খুব বেশি গান গাননি কারণ গানটা তার কাছে ইমোশনাল একটা ব্যাপার। শুধু ব্যবসা নয়। তার ভালো লাগার জায়গাও এটি।

## বিচ্ছেদের পরও সিঁথিতে সিঁদুর, মুখ খুললেন মধুমিতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভালোবেসে সৌরভ চক্রবর্তীর সঙ্গে ঘর বেঁধেছিলেন মধুমিতা সরকার। তবে সে সুখ খুব বেশি দিন স্থায়ী হয়নি। ২০১৯ সালে দাম্পত্য জীবনের ইতি টানেন মধুমিতা-সৌরভ। বিবাহবিচ্ছেদ হয়ে যাওয়ার পরেও সিঁথিতে সিঁদুর পরতে দেখা যায় মধুমিতাকে। সিঁদুর পরে তোলা ছবিও নিয়মিত পোস্ট করেন সামাজিক যোগাযোগমাধ্যমে। অভিনেত্রীর সেসব ছবি দেখে অবাক তার ভক্তরাও। নেটিজেনদের অনেকে প্রশ্ন তুলেছেন- সৌরভের সঙ্গে কি এখনো বিবাহবিচ্ছেদ ঘটেনি? নাকি গোপনে ফের বিয়ে করেছেন মধুমিতা? এ বিষয়ে ভারতীয় একটি গণমাধ্যমের সঙ্গে কথা বলেছেন মধুমিতা সরকার। তিনি বলেন, 'প্রথমেই জানিয়ে দিই, আমি কিন্তু সৌরভ চক্রবর্তীর নামে সিঁদুর পরছি না। আমি ঈশ্বরে বিশ্বাসী, শিবের ভক্ত। কোনো মন্দিরে পূজা দিতে গেলে আমি সিঁথিতে সিঁদুর পরি। দেব বিগ্রহে ছোঁয়ানো সিঁদুর, খুব সহজভাবেই সেটা পরি।'

ভারতে বিবাহিত নারীদের মাঝে সিঁদুর পরার প্রচলন রয়েছে। সেক্ষেত্রে কি কোনো চলতি প্রথা ভাঙতে চাইছেন? এ প্রশ্নের জবাবে মধুমিতা সরকার বলেন, 'আমি আমার ধর্মে বিশ্বাসী। কোনো প্রথা ভাঙতে চাই না। আমি মনে করি, সিঁদুর কোনো ছেলে খেলার জিনিস নয়। বিবাহিত নারীদেরই কেবল সিঁদুর পরা উচিত। আমি সেটার সম্মানও করি।'

পাশের বাড়ির মেয়ের খোলস থেকে বেরিয়ে সাহসী রূপে নিজেকে তৈরি করেছেন মধুমিতা। ছোট পর্দার পর বড় পর্দায়ও যাত্রা শুরু করেছেন। 'লাভ আজকাল', 'চেন্নাই', 'দিলখুশ'সহ ১১টি সিনেমায় অভিনয় করেছেন। 'উত্তরণ', 'শ্রীকান্ত' ও 'জাতিস্মর' নামে তিনটি ওয়েব সিরিজেও অভিনয় করেছেন এই অভিনেত্রী।

# গৌতম-কোহলির অভিমান ভাঙলো তবে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টেবিলের বাঁ দিকের চেয়ারে বসে গৌতম গম্ভীর। ডান দিকের চেয়ারে বিরাট কোহলি। কোনও রকম ঝগড়া, বিবাদ নেই। কারণ, তারা এখন একই দলে। বাংলাদেশ সিরিজের আগে মুখোমুখি আলোচনায় বসলেন বিরাট ও গম্ভীর। দু'জনের মধ্যে খোলাখুলি আলোচনা হল। উঠে এলো ২০১১ সালের বিশ্বকাপ জয় থেকে শুরু করে আইপিএলে ঝগড়ার প্রসঙ্গও।

আলোচনার শুরুতেই টেবিলে রাখা একটি ল্যাপটপে ২০১১ সালের বিশ্বকাপ ফাইনালের টুকরো টুকরো দৃশ্য দেখছিলেন বিরাট ও গম্ভীর। বীরেন্দ্র শেহবাগ ও শচীন টেন্ডুলকারের উইকেট পড়ার পরে দলকে সামলেছিলেন এই দু'জনই। ১৩ বছর আগেই সেই ছবিতে ডুব দিলেন তারা।

গম্ভীর তখন ভারতীয় দলের প্রতিষ্ঠিত ক্রিকেটার। বিরাট সবে এসেছেন। সেই ম্যাচের দৃশ্য দেখতে দেখতে গম্ভীর বলেন, "আমার মাথায় খালি একটাই কথা ঘুরছিল। শেষ পর্যন্ত খেলতে হবে। আউট হলে চলবে না। অন্য কিছু ভাবছিলাম না। তবে তুমি সেই ম্যাচে খুব গুরুত্বপূর্ণ ইনিংস খেলেছিলে। তোমার ইনিংস আমাকে খুব সাহায্য করেছিল।" সে কথা শুনে বিরাট বলেন, "আমি যখন মাঠে যাই তখন মনে হচ্ছিল শ্মশানে ঢুকছি। গোটা গ্যালারি চুপ করে বসে। আমার মনে আছে তুমি এসে বলেছিলে, জুটি বাঁধতে হবে। সেই চেষ্টা করেছিলাম আমরা। একটা করে চার হচ্ছিল আর গ্যালারিতে শব্দ ফিরছিল। তোমার ওই ইনিংস আমি ভুলব না।" বিরাটের কথায় হেসে ফেলেন গম্ভীর।

ভারতীয় কোচ তুলে ধরেন বিরাটের ২০১৪-১৫ সালের অস্ট্রেলিয়া সফরের কথা। সেই সফর বিরাটকে প্রতিষ্ঠা দিয়েছিল। অ্যাডিলেডে প্রথম টেস্টে ১১৫, মেলবোর্নে তৃতীয় টেস্টে ১৬৯ ও ৫৪, সিডনিতে চতুর্থ টেস্টে ১৪৭ ও ৪৬ রান করেছিলেন বিরাট। সেই সিরিজের কথা মনে করিয়ে গম্ভীর বলেন, "আমার মনে আছে তোমার অস্ট্রেলিয়া সফরের কথা। তুমি রানের পর রান করছিলে। তোমার মধ্যে একটা অদ্ভুত আত্মবিশ্বাস দেখেছিলাম।"

এই প্রসঙ্গে নিজের নিউজিল্যান্ড সফরের কথাও টেনে এনেছেন গম্ভীর। নেপিয়ারে ১৩৭ রানের ইনিংস খেলেছিলেন গম্ভীর। নিয়েছিলেন ৪৩৬ বল। গম্ভীর বলেন, "নেপিয়ারে আমার ঠিক তোমার মতো ঘটনা ঘটেছিল। ওখানে আমি যে ভাবে খেলেছিলাম তা দ্বিতীয় বার কোনও দিন খেলিনি। ওই রকম মানসিকতার মধ্যে থাকার উপলব্ধি আমার আছে। তাই আমি বুঝতে পারি যে অস্ট্রেলিয়া সফরে তোমার মানসিক অবস্থা কেমন ছিল।"

খেলোয়াড় হিসাবে গম্ভীর ও বিরাট অনেকটা একই রকমের চরিত্র। আগ্রাসন তাঁদের স্বভাবে। তাই বার বার মাঠে প্রতিপক্ষ ক্রিকেটারদের সঙ্গে বিবাদে জড়িয়েছেন তারা। সেই প্রসঙ্গ টেনে আনেন বিরাট। তিনি গম্ভীরকে প্রশ্ন করেন, "যখন তুমি ব্যাট করতে তখন প্রতিপক্ষ ক্রিকেটারদের সঙ্গে কথা হত। কখনও একটু উত্তেজিত ভঙ্গিতেও কথা হত। এতে তোমার উপর কী প্রভাব পড়ত? এতে কি তোমার মনঃসংযোগে সমস্যা হত? না কি জেদ বেড়ে যেত?"

গম্ভীর এই প্রশ্নের জবাব দেননি। তিনি পাল্টা প্রশ্ন করেন বিরাটকে। গম্ভীর বলেন, "আমার থেকে মাঠে তোমার ঝগড়া বেশি হয়েছে। তাই আমার মনে হয় তুমি এই প্রশ্নের জবাব ভাল দিতে পারবে।" বিরাট জবাব দিয়েছেন। তিনি বলেন, "আসলে আমি এমন কাউকে চাইছিলাম, যে আমার হ্যাঁ-তে হ্যাঁ মেলাক। আমি বলছি না মাঠে মেজাজ হারানো খারাপ। আসলে আমি চাইছিলাম যে কেউ বলুক, 'হ্যাঁ, তুমি ঠিক করেছ। মাঠে আগ্রাসন দেখানো উচিত।'"

গম্ভীর ও বিরাট মাঠে আগ্রাসন নিয়ে কথা বলবেন আর আইপিএলের কথা উঠবে না, তা কি হয়। ২০১৩ থেকে ২০২৩। দীর্ঘ ১০ বছরে বেশ কয়েক বার মাঠে সংঘাত হয়েছে তাঁদের। তবে ২০১৩ সালে কলকাতা নাইট রাইডার্সের অধিনায়ক গম্ভীর ও রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর অধিনায়ক বিরাটের মধ্যে যে বিবাদ হয়েছিল তা সকলের মনে রয়েছে। মাঠের বাইরে বেরিয়ে জলের বোতল ও চেয়ারে লাথিও মেরেছিলেন গম্ভীর। পরে ২০২৩ সালে লখনউ সুপার জায়ান্টসের মেন্টর গম্ভীর ও আরসিবির ক্রিকেটার বিরাটের মধ্যেও বিবাদ হয়। খেলা শেষে দু'জনকে সামলাতে হিমশিম খেতে হয়েছিল বাকি ক্রিকেটারদের। সেই ঘটনা নিয়ে কম বিতর্ক হয়নি।

পরে অবশ্য দুই ক্রিকেটারই জানিয়েছেন, মাঠে উত্তেজনায় কথা কাটাকাটি হয়েছিল। তারা একে অপরের বিরুদ্ধে মনে কিছু পুষে রাখেননি। গত মরসুমে কেকেআরের মেন্টর গম্ভীরের সঙ্গে মাঠে হাসিমুখে গল্প করতে দেখা গিয়েছিল বিরাটকে। সেই কথা আরও এক বার মনে করিয়েছেন বিরাট। তিনি বলেন, "সেই ঘটনার পর অনেক দিন পেরিয়ে গিয়েছে। লোকে অনেক বাড়িয়ে বলেছিল। আমরা দু'জনেই তা ভুলে গিয়েছি।" গম্ভীরকেও বিরাটের কথায় সায় দিতে দেখা যায়।

ভারতীয় দলের কোচের দায়িত্ব নেওয়ার পরে প্রথম প্রশ্ন ছিল, বিরাটের সঙ্গে তাঁর সম্পর্ক কেমন থাকবে। গম্ভীর শুরুতেই জানিয়ে দিয়েছিলেন, তারা একই দলে রয়েছেন। তাদের লক্ষ্য একটাই, দেশের ক্রিকেটকে এগিয়ে নিয়ে যাওয়া। তাই একসঙ্গে কাজ করবেন তারা। কোনও বিবাদ তাদের নেই। বিরাটও সেই ইঙ্গিতই দিয়েছিলেন। আরও এক বার বিরাট ও গম্ভীরকে একই দিকে দেখা গেল। ভারতের কোচ হিসাবে প্রথম টেস্টে নামবেন গম্ভীর। বাংলাদেশের বিরুদ্ধে চেন্নাইয়ে খেলা। বিরাটও অনেক দিন পরে টেস্টে নামবেন। তার আগে দু'জন ফিরে গেলেন পুরনো দিনে।

# দুইবার এগিয়েও জিততে পারল না মেসির মায়ামি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রায় ৬৮ হাজার দর্শকের ভিড় আটলান্টার মার্সিডিজ-বেঞ্জ স্টেডিয়ামে। তাদের প্রায় সবারই মূল চাওয়া, লিওনেল মেসিকে চোখের সামনে খেলতে দেখা। অবশেষে ৬১তম মিনিটে মাঠে নামলেন আর্জেন্টাইন জাদুকর। তবে জাদু তেমন একটা তিনি দেখাতে পারলেন না এ দিন। তার দলও শেষ পর্যন্ত পারল না ম্যাচ জিততে। মেজর লিগ সকারের ম্যাচে বাংলাদেশ সময় আজ আটলান্টা ইউনাইটেডের সঙ্গে ২-২ গোলে ড্র করে মেসির মায়ামি।

চোট কাটিয়ে আগের ম্যাচে ফিরেই দুই গোল করা মেসিকে এই ম্যাচে শুরুর একাদশে রাখেননি মায়ামি কোচ। এক সপ্তাহের মধ্যে তিনটি ম্যাচ খেলতে হবে দলকে, এজন্যই কোচের এই সতর্কতা। মেসির দুই বার্সেলোনা সতীর্থ লুইস সুয়ারেস ও জর্দি আলবাকেও দ্বিতীয়ার্ধে মাঠে নামান কোচ। চোটের কারণে খেলতে পারেননি আরেক তারকা সের্হিও বুসকেতস।

তাদেরকে ছাড়াই আটলান্টার মাঠে প্রথমার্ধে এগিয়ে ছিল মায়ামি। ২৯তম মিনিট গোলটি করেন হন্ডুরাসের মিডফিল্ডার দাভিদ রুইস। দ্বিতীয়ার্ধের একাদশ মিনিটে জর্জিয়ান উইঙ্গার সাবা লবজানিদজের গোলে সমতায় ফেরে আটলান্টা। তিন মিনিট পরই লিওনার্দো কাম্পানার গোল আবার এগিয়ে দেয় মায়ামিকে। এর পরপরই মাঠে নামে মেসি। প্রতিপক্ষ দলের হলেও তুমুল উল্লাসে তাকে স্বাগত জানান আটলান্টার মাঠের দর্শকেরা।

গত বছর মেসিকে দেখতেই ৭১ হাজারের বেশি দর্শক ছিল গ্যালারিতে। কিন্তু সেদিন তাদের আশা পূরণ হয়নি বিশ্বকাপজয়ী আর্জেন্টাইন অধিনায়ক ম্যাচটিতে না খেলায়। এবার অন্তত পুরোপুরি হতাশা নিয়ে ফিরতে হয়নি এই দর্শকদের। মেসি মাঠে নামার একটু পরই তার একটি শট ঠেকিয়ে দেন আটলান্টা গোলকিপার। সুয়ারেস নামার পরপর গোল প্রায় করেই ফেলেছিলেন। তবে এবারও কোনোরকেম বাঁচিয়ে দেন আটলান্টার কিপার।

দ্বিতীয়ার্ধে আটলান্টাও আক্রমণ করে বেশ কটি। দিন দফায় মায়ামিকে রক্ষা করেন গোলকিপার ড্রেক ক্যালেন্ডার। তবে শেষ রক্ষা হয়নি। ৮৪তম মিনিটে দলকে সমতায় ফেরান আলেক্সি মিরানচুক। ইতালিয়ান ক্লাব আতালান্দা থেকে এই মৌসুমেই আটলান্টায় আসা রুশ ফরোয়ার্ডের মেজর লিগ সকারে প্রথম গোল এটি। ৯০ মিনিট শেষে যোগ করা সময়ের সাত মিনিটেও আর গোল হরতে পারেনি কোনো দল। টানা পাঁচ জয়ের পর পয়েন্ট হারায় মায়ামি।

কোপা আমেরিকায় পাওয়া চোট কাটিয়ে গত শনিবারের ম্যাচ দিয়ে মাঠে ফেরেন মেসি। সেদিন দুটি গোলও করেন তিনি ফিলাডেলফিয়া ইউনিয়নের বিপক্ষে। শনিবার আবার মেসিদের ম্যাচ নিউ ইয়র্ক সিটির বিপক্ষে। মেজর লিগ সকারের ইস্টার্ন কনফারেন্সে ২৯ ম্যাচে ৬৩ পয়েন্ট নিয়ে শীর্ষে মায়ামি, ৫৫ পয়েন্ট নিয়ে দুইয়ে সিনসিনাটি।

# পাঞ্জাব কিংসের কোচ রিকি পন্টিং



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুই মাস আগেই দিল্লি ক্যাপিটালসের সঙ্গে সাত বছরের চুকান রিকি পন্টিং। এবার তাকে প্রধান কোচ হিসেবে নিয়োগ দিয়েছে পাঞ্জাব কিংস। আগামী আইপিএল থেকে এই দায়িত্ব পালন করবেন তিনি। এক বিবৃতিতে পন্টিংয়ের নিয়োগের বিষয়টি নিশ্চিত করেছে পাঞ্জাব।

পাঞ্জাব কিংসের সাথে চার বছরের চুক্তি সম্পন্ন করেছেন পন্টিং। পন্টিংই তার কোচিং স্টাফ নির্বাচন করবেন বলেও জানিয়েছে পোর্টালটি।

আইপিএলে বহুদিন ধরে বাজে সময় পার করছে পাঞ্জাব। ২০১৪ সালের পর থেকে আর প্লে-অফ খেলতে না-পারা দলটি ২০২৪ মৌসুমে ছিল ৯ নম্বরে।

২০০৮ সালের প্রথম আসর থেকেই আইপিএলের সঙ্গে যুক্ত আছেন পন্টিং। প্রথমে কলকাতা নাইট রাইডার্সে এবং পরে খেলেছেন মুম্বাই ইন্ডিয়ানসের হয়ে। ২০১৩ সালের মাঝপথে মুম্বাইয়ের দায়িত্ব ছাড়েন তিনি। ২০১৪ সালে তিনি দলটির পরামর্শকের ভূমিকায় থাকার পর ২০১৫ ও ২০১৬ সালে প্রধান কোচের দায়িত্ব পালন করেন।

২০১৮ সালে পন্টিং দিল্লির প্রধান কোচের দায়িত্ব নেন। ২০১৯ থেকে ২০২১ সালের মধ্যে পরপর তিনবার তিনি দিল্লিকে প্লে-অফে নিয়ে যান। তার অধীনে ২০২০ সালে দিল্লি আইপিএলের ফাইনালেও খেলেছে।

# রোনালদোর ক্লাব আল নাসরের কোচ ছাঁটাই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আরও এক কোচের চাকরি গেল। আল নাসরের কোচের পদ থেকে সরিয়ে দেওয়া হল লুইস কাস্ত্রোকে। ক্রিশ্চিয়ানো রোনালদো সৌদি আরবের ক্লাবে যাওয়ার পরে কাস্ত্রোকে নিয়ে তিন জন কোচ বদল করল ক্লাব।

চলতি মৌসুমে খুব খারাপ শুরু হয়েছে আল নাসরের। সৌদি প্রো লিগে সাত নম্বরে রয়েছে তারা। সৌদি সুপার কাপের ফাইনালে আল হিলালের কাছে হেরেছেন রোনালদোরা। তার পরেই কোচকে সরানোর সিদ্ধান্ত নেয় ক্লাব। একটি বিবৃতিতে আল নাসের জানিয়েছে,ও প্রধান কোচ লুইস কাস্ত্রো ক্লাব ছাড়ছেন। গত ১৪ মাস ধরে দলের জন্য উনি যা করেছেন তাঁর জন্য ওঁকে ধন্যবাদ। ভবিষ্যতের জন্য ওকে শুভেচ্ছা।"

রোনালদো আল নাসেরে যাওয়ার পরে প্রথমে রুডি গার্সিয়াকে সরায় ক্লাব। তার পরে সরানো হয় ডিনকো জেলিচিচকে। তার পর কোচ হিসাবে আসেন লুইস। দলের খারাপ খেলার দায় চাপিয়ে তাঁকেও সরিয়ে দিল আল নাসের।

আল নাসরের চতুর্থ কোচ হওয়ায় দৌড়ে রয়েছেন স্টেফানো পিয়োলি। তিনি এসি মিলানের সাবেক কোটয় ২০২০-২১ মৌসুমে মিলানকে ইতালির সিরি'আ জিতিয়েছিলেন পিয়োলি। তার সঙ্গে কথাবার্তা অনেক দূর এগিয়েছে বলে খবর। খুব তাড়াতাড়ি তিনি কোচের পদে যোগ দিতে পারেন।

# চ্যাম্পিয়ন্স লিগ: পিছিয়ে পড়েও মিলানকে হারালো লিভারপুল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চ্যাম্পিয়ন্স লিগে শুরুটা দুর্দান্ত করেছে লিভারপুল। শুরুতে গোল হজমের পরও এসি মিলানের বিপক্ষে ৩-১ গোলে জিতেছে আর্নাল্লস্টের দল।

শুরুতেই দারুণ এক গোল করেন ক্রিস্টিয়ান পুলিসিক। এরপরই ঘুরে দাঁড়ায় লিভারপুল। ইব্রাহিমা কোনাতে ও ভার্জিল ফন ডাইকের হেডে প্রথমার্ধেই এগিয়ে যায় ইংলিশ ক্লাবটি। বিরতির পর ব্যবধান বাড়ান দমিনিক সোবোসলাই।

ঘরের মাঠে ম্যাচের শুরুতেই এগিয়ে যায় মিলান। মাঝমাঠ থেকে আলভারো মোরাতার বাড়ানো বল ধরে এগিয়ে বক্সে ঢুকে যান পুলিসিক। এরপর প্রতিপক্ষের তিন খেলোয়াড়ের সামনে দিয়েই ডান পায়ের কোনাকুনি শটে দূরের পোস্ট দিয়ে ঠিকানা খুঁজে নেন চেলসির সাবেক ফরোয়ার্ড।

লিভারপুল প্রথম সুযোগ পায় ম্যাচের সপ্তদশ মিনিটে। কিন্তু মোহামেদ সালাহর শট ক্রসবার কাঁপিয়ে ফিরে আসে। স্লটের দল সমতায় ফেরে ২৩তম মিনিটে। বক্সের বাইরে বাম দিক থেকে ট্রেন্ট অ্যালেকজ্যান্ডার-আর্নল্ডের ক্রসে অনেকটা লাফিয়ে হেডে বল জালে পাঠান কোনাতে।

এরপর ৪১তম এগিয়ে যায় লিভারপুল। সালাহর শটে কর্নার পায় লিভারপুল। উড়ে আসা বলে হেডে গোলটি করেন দীর্ঘদেহী ডাচ ডিফেন্ডার ফন ডাইক। প্রথমার্ধের যোগ করা সময়ে ব্যবধান বাড়তে পারতো। ডাচ ফরোয়ার্ড হাকপোর জোরাল শট ঝাঁপিয়ে ব্যর্থ করে দেন মাইক মিয়াঁ।

৬৭তম মিনিটে ব্যবধান বাড়িয়ে লিভারপুলকে জয়ের পথে এগিয়ে নেন সোবোসলাই। বাম দিক দিয়ে প্রতিপক্ষের এক ডিফেন্ডারের বাধা এড়িয়ে বক্সে ঢুকে কাটব্যাক করেন হাকপো, ছয় গজ বক্সের মুখ থেকে ভলিতে জাল খুঁজে নেন হাঙ্গেরির অধিনায়ক। বাকি সময়ে একাধিক সুযোগ পেলেও আর গোলের দেখা পাননি।

# রোহিত কি অবসর ভেঙে টি-টোয়েন্টিতে ফিরবেন?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতে অবসর নিয়েছেন রোহিত শর্মা। জানিয়ে দিয়েছেন, তিনি আর দেশের হয়ে টি-টোয়েন্টি ক্রিকেট খেলবেন না। কিন্তু এখন বহু ক্রিকেটার অবসর নেওয়ার পরেও ফিরে আসেন। বেন স্টোকস যেমন এক দিনের ক্রিকেট থেকে অবসর নেওয়ার পরেও ইংল্যান্ডের হয়ে বিশ্বকাপ খেলেছিলেন ২০২৩ সালে। তা নিয়ে একেবারেই খুশি নন রোহিত।

রোহিত কি নিজের মত পরিবর্তন করবেন? আগামী দিনে কি তিনি ভারতের হয়ে আবার টি-টোয়েন্টি খেলবেন? রোহিত বলেন, "আমার সিদ্ধান্ত চূড়ান্ত। খুব পরিষ্কার সিদ্ধান্ত। এটাই অবসর নেওয়ার সেরা সময়। আমি টি-টোয়েন্টি ক্রিকেট খেলতে ভালোবাসি। ভারতের হয়ে এক দিনের ক্রিকেট খেলার পর সোজাসুজি ২০০৭ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপের দলে সুযোগ পেয়েছিলাম। সে বার জিতেছিলাম। আবার এই বছর জিতেছি। তাই এটাই সেরা সময় ছিল অবসর নেওয়ার।"

টি-টোয়েন্টি বিশ্বকাপ জয়ের পর শ্রীলঙ্কার বিরুদ্ধে দ্বিপাক্ষিক সিরিজ খেলেছিল ভারত। এবার ঘরের মাঠে টেস্ট খেলতে নামছেন রোহিতরা। বৃহস্পতিবার রোহিত পুরো শক্তি নিয়েই মাঠে নামবেন। দলে ফেরানো হয়েছে বিরাট কোহলি, যশপ্রীত বুমরাদের।

# টি-টোয়েন্টির শীর্ষ অলরাউন্ডার এখন লিভিংস্টোন




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অস্ট্রেলিয়ার বিপক্ষে ব্যাটে-বলে আলো ছড়িয়ে আইসিসি র‍্যাঙ্কিংয়েও পুরস্কার পেলেন লিয়াম লিভিংস্টোন। বড় লাফ দিয়ে টি-টোয়েন্টি অলরাউন্ডার র‍্যাঙ্কিংয়ের শীর্ষে উঠে গেলেন ইংলিশ তারকা।

ছেলেদের টি-টোয়েন্টি র‍্যাঙ্কিংয়ের হালনাগাদ বুধবার (১৮ সেপ্টেম্বর) প্রকাশ করে আইসিসি। ব্যাটসম্যানদের তালিকায়ও বড় লাফ দিয়েছেন লিভিংস্টোন।

ঘরের মাঠে অস্ট্রেলিয়ার বিপক্ষে দ্বিতীয় টি-টোয়েন্টিতে ১৬ রানে ২ উইকেটের পর ব্যাট হাতে ৪৭ বলে ৮৭ রানের ম্যাচ জেতানো ইনিংস খেলেন লিভিংস্টোন। প্রথম ম্যাচে ২২ রানে ৩ উইকেটের সঙ্গে ২৭ বলে তিনি করেছিলেন ৩৭ রান।

বৃষ্টিতে শেষ ম্যাচ ভেসে যাওয়ায় পরিসংখ্যান আরও সমৃদ্ধ করার সুযোগ পাননি তিনি। তবে দুই ম্যাচের পারফরম্যান্সেই ৭ ধাপ এগিয়ে প্রথমবার কোনো র‍্যাঙ্কিংয়ের শীর্ষস্থানে বসেন ৩১ বছর বয়সী মারকুটে ব্যাটসম্যান।

অলরাউন্ডারদের তালিকায় সেরা দশে পরিবর্তন এই একটিই। ক্যারিয়ার সেরা ২৫৩ রেটিং নিয়ে মার্কাস স্টয়নিসের চেয়ে ৪২ পয়েন্ট এগিয়ে লিভিংস্টোন। ব্যাটিংয়ে ১৭ ধাপ এগিয়ে ক্যারিয়ার সেরা ৫৬০ রেটিং নিয়ে ৩৩ নম্বরে উঠেছেন লিভিংস্টোন। অস্ট্রেলিয়ার উইকেটরক্ষক-ব্যাটসম্যান জশ ইংলিস ১৩ ধাপ লাফিয়ে ১০ নম্বরে জায়গা করে নিয়েছেন।

সেরা দশে আর কোনো পরিবর্তন নেই। দুই ম্যাচে ১৪ বলে ৩১ ও ২৩ বলে ৫৯ রানের ইনিংস খেলে ৮৮১ রেটিং নিয়ে শীর্ষস্থান আরও পোক্ত করেছেন ট্রাভিস হেড। বোলারদের মধ্যে এক ধাপ এগিয়ে ৬ নম্বরে উঠেছেন অস্ট্রেলিয়ার লেগ স্পিনার অ্যাডাম জ্যাম্পা। ফলে এখন প্রথম ছয়জনের সবাই স্পিনার। ৭২১ রেটিং নিয়ে আগের মতোই শীর্ষে ইংল্যান্ডের আদিল রাশিদ।

■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR